গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mohfw.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০৩৭.২০১৯/৪৪৫

২৮ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ
১৩ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বেসরকারি নর্থ বেঙ্গাল মেডিকেল কলেজ, সিরাজগঞ্জের ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাডেমিক অনুমোদন নবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৬(ছয়) মাসের মধ্যে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে প্রতিপালনের শর্তে বেসরকারি নর্থ বেঙ্গাল মেডিকেল কলেজ, সিরাজগঞ্জের ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাডেমিক অনুমোদন নির্দেশক্রমে নবায়ন করা হলোঃ-

(ক) হাসপাতালে ৪০,০০০ বর্গফুট ফ্লোরস্পেস বৃদ্ধি করতে হবে;
(খ) বিএমএন্ডডিসি'র অধিভুক্তি হালনাগাদ করতে হবে;
(গ) হাসপাতালের শয্যা সংখ্যা আরও ১৯৮টি বৃদ্ধি এবং বেড অকুপেন্সি রেট আরও ৩০% বৃদ্ধি করতে হবে;
(ঘ) ফরেনসিক মেডিসিন, মাইক্রোবায়োলজি ও গাইনী বিভাগে ০৪ জন, প্যাথলজি বিভাগে ০৩ জন, এনাটমি, ফার্মাকোলজি ও কমিউনিটি মেডিসিন বিভাগে ০২ জন, ফিজিওলজি ও বায়োকেমিস্ট্রি বিভাগ ০১ জন শিক্ষক বৃদ্ধি করতে হবে;
(ঙ) ১২টি টিউটোরিয়াল রুম এবং লাইব্রেরীতে আরও ৬০টি আসন বৃদ্ধি করতে হবে;
(চ) সার্ভিস রুল প্রণয়ন এবং একাডেমিক পরিবেশের দৃশ্যমান উন্নয়ন করতে হবে;

(বদরুন নাহার)
উপসচিব
ফোন-৯৫৪০৬৯০
me2@mefwd.gov.bd

অধ্যক্ষ
বেসরকারি নর্থ বেঙ্গাল মেডিকেল কলেজ,
জেসি রোড, ধানবান্ধি, সিরাজগঞ্জ।

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০৩৭.২০১৯/ ৪৪৫

২৮ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ
১৩ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ঃ**

১। ভিসি, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ {দৃঃআঃ-পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন}।
৩। রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

(বদরুন নাহার)
উপসচিব

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা

স্মারক নং-স্বাপকম/চিশি-২/IHT-MATS-বিবিধ/১৬/২০১২/ ৪৪৬ তারিখঃ ২৯ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ / ১৪ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)-তে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত।

সূত্র: ৪৩৩, তারিখঃ ১৩-১০-২০২০খ্রিঃ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাংগাইল, কুমিল্লা, ফরিদপুর, ঝিনাইদহ, সাতক্ষীরা, টুঙ্গিপাড়া-গোপালগঞ্জ ও নওগাঁয় অবস্থিত ১১টি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS)-এ ০৩(তিন) বছর মেয়াদী কোর্স ও ০১ বছরের ইন্টার্ণশীপসহ ডিপ্লোমা কোর্স এবং ১৫টি (ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ, সিলেট, শহীদ এম মনসুর আলী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি-সিরাজগঞ্জ, সাতক্ষীরা, শেখ হাসিনা ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী-জামালপুর, টুঙ্গিপাড়া-গোপালগঞ্জ, গাজীপুর, কশিয়ানী-গোপালগঞ্জ ও জয়পুরহাট) ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)-এ ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির লক্ষ্যে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে নিম্নোক্তভাবে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলোঃ-

সিদ্ধান্তসমূহঃ-

(১) প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(২) ভর্তির যোগ্যতাঃ- ২০১৬খ্রিঃ থেকে ২০২০খ্রিঃ পর্যন্ত সালে এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত হতে হবে। জীববিজ্ঞান বিষয় অবশ্যই থাকতে হবে।

(৩) যে সকল প্রার্থী O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদের ২০০০/- টাকার পে-অর্ডার জমা প্রদান করে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন এর কাছ থেকে Equivalence Certificate ও ID Code সংগ্রহ করতে হবে। এটা ছাড়া ফরম পুরণ করা যাবে না। বিভাগীয় (Departmental) প্রার্থীরা পূর্বেই পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কাছ থেকে ID Code সংগ্রহ করবেন।

(৪) Online এ আবেদন করার শুরুর তারিখ ২১-১০-২০২০ সকাল ১০ ঘটিকা। আবেদন করার শেষ তারিখ ২২-১১-২০২০ রাত ১১.৫৯ মিনিট। ভর্তির নির্বাচন পদ্ধতি পরবর্তীতে Covid-19 পরিস্থিতি বিবেচনাপূর্বক SMS এবং ওয়েব সাইট এর মাধ্যমে জানানো হবে।

(৫) ভর্তির আবেদন ফি ৭০০/- টাকা টাকা (প্রি- পেইড টেলিটকের মাধ্যমে)।

(৬) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(৭) ভর্তির জন্য সাময়িক ভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা এবং অপেক্ষামান তালিকা একই সাথে প্রকাশ করা হবে।

(৮) ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্ব স্ব IHT/MATS এর অধ্যক্ষের দপ্তর হতে জানা যাবে।

(৯) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট (www.dghs.gov.bd)/টেলিটক বাংলাদেশ লিঃ হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

১৪/১০/২০২০

(বদরুন নাহার)
উপসচিব
ফোন-৯৫৪০৬৯০
me2@mefwd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

{দৃঃআঃ পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।}

D/Letter Mats

২৯ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং-স্বাপকম/চিশি-২/IHT-MATS-বিবিধ/১৬/২০১২/৪৪৬ তারিখঃ--------------------------

১৪ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

৩) রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩, সৈয়দ নজরুল ইসলাম স্মরনী, ঢাকা-১০০০।

৪) সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩, সৈয়দ নজরুল ইসলাম স্মরনী, ঢাকা-১০০০।

৫) সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪, লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা।

৬) সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

৮) যুগ্মসচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

১৪/১০/২০২০

(বদরুন নাহার)

উপসচিব

D/Letter Mats